# এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

### রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা    পূর্ণমান — ৫০    বিষয় কোড: ১ ০ ২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. অনুচ্ছেদ রচনা কর (যে কোন একটি) ৫

(ক) ডিজিটাল বাংলাদেশ

(খ) নারী শিক্ষা

২. যেকোনো একটি বিষয়ে পত্র রচনা কর : ৫

(ক) 'প্রশংসাপত্র' চেয়ে প্রধান শিক্ষকের কাছে একটি আবেদন পত্র লিখ

অথবা, (খ) সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ জনগণের সাহায্যের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সবাদপত্রের প্রকাশের উপযোগী একটি পত্র লেখ।

৩. সারাংশ লেখ : ১০

(ক) অভ্যাস ভয়ানক জিনিস। একে হঠাৎ স্বভাব থেকে তুলে ফেলা কঠিন। মানুষ হবার সাধনাতেও তোমাকে ধীর ও সহিষ্ণু হতে হবে। সত্যবাদী হতে চাও। তাহলে ঠিক কর সপ্তাহে অন্তত একদিন মিথ্যা বলবে না। ছ'মাস ধরে এমনি করে নিজে সত্যকথা বলতে অভ্যাস কর। তারপর একদিন শুভদিনে আর একবার প্রতিজ্ঞা কর, সপ্তাহে তুমি দুদিন মিথ্যা বলবে না। একবছর পর দেখবে সত্যকথা বলা তোমার কাছে অনেকটা সহজ হয়ে পড়েছে। সাধনা করতে করতে একদিন আসবে যখন ইচ্ছা করলেও মিথ্যা বলতে পারবে না। নিজেকে মানুষ করার চেষ্টায় পাপ ও প্রবৃত্তির সঙ্গে সংগ্রামে তুমি হঠাৎ জয়ী হতে কখনও ইচ্ছা কোরো না তাহলে সব পণ্ড হবে।

অথবা, (খ) সারমর্ম লেখ :

শৈশবে সদুপদেশ যাহার না রোচে,
জীবনে তাহার কভু মূর্খতা না ঘোচে।
চৈত্র মাসে চাষ দিয়া না বোনে বৈশাখে,
কবে সেই হৈমন্তিক ধান্য পেয়ে থাকে?
সময় ছাড়িয়া দিয়া করে পন্ডশ্রম,
ফল চাহে, সেও অতি নির্বোধ অধম
খেয়া তরী চলে গেলে বসে থাকে তীরে,
কিসে পার হবে, তরী না আসিলে ফিরে

Teachingbd.com

http://teachingbd.com

৪. যে কোন একটির ভাবসম্প্রসারণ কর : ১০

(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নহে।

(খ) স্বাধীনতা অর্জনের চেয়ে রক্ষা করা কঠিন।

৫. যে কোন একটির প্রতিবেদন কর : ১০

(ক) সম্প্রতি দেশে সড়ক দূর্ঘটনা বেড়ে যাওয়ার কারণ ও প্রতিকারের সুপারিশসহ একটি প্রতিবেদন রচনা কর।

অথবা, (খ) বাংলাদেশের দুর্নীতির কারণ ও তার প্রতিকার বিষয়ে একটি প্রতিবেদন তৈরি কর।

৬. যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) অধ্যবসায়;

(খ) কৃষিকাজে বিজ্ঞান;

(গ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

Teachingbd.com

http://teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা　　বিষয় কোড: ১০২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. কোনটি অন্তর্হতির উদাহরণ?
ⓚ বউদিদি > বউদি
ⓚ পক্ক > পকক
ⓖ ধোবা > ধোপা
ⓖ আলাহিদা > আলাদা

২. অহর্নিশ এর সন্ধিবিচ্ছেদ কী?
ⓚ অহ + নিশ　ⓚ অহঃ + নিশ
ⓖ অহঃ + নিশা　ⓖ অহ + নিশি

৩. ইনী-প্রত্যয় যোগে কোন স্ত্রীবাচক শব্দটি গঠিত হয়েছে?
ⓚ বাঘিনী　ⓚ মেথরানী
ⓖ ধোপানী　ⓖ বেজ্ঞামী

৪. ক্ষুদ্রার্থে ইকা প্রত্যয় কোনটি?
ⓚ ঝটিকা　ⓚ মালিকা
ⓖ সেবিকা　ⓖ অধ্যাপিকা

৫. কোন পদাশ্রিত নির্দেশকুগুলো শব্দের আগে বসে?
ⓚ খানা, খানি　ⓚ টুকু, টুকুন
ⓖ কেতা, পাটি　ⓖ গোটা, গুটি

৬. ঈষৎ রক্তিম = আরক্তিম, ব্যাসবাক্যটি কোন সমাসের উদারহণ?
ⓚ অব্যয়ীভাব　ⓚ কর্মধারয়
ⓖ তৎপুরুষ　ⓖ দ্বিগু

৭. কোন শব্দটিতে বিদেশি উপসর্গ রয়েছে?
ⓚ আরক্ত　ⓚ উৎপীড়ন
ⓖ বেকায়দা　ⓖ উপনয়ন

৮. স্থানীয়-শব্দটিতে যে ধাতু রয়েছে সেটি হল—
ⓚ স্থ　ⓚ স্থান
ⓖ স্থা　ⓖ স্থানা

৯. শানচ্-প্রত্যয়েযোগে কোন শব্দটি গঠিত হয়েছে?
ⓚ বর্ধমান　ⓚ আত্মঘাতী
ⓖ দর্শনীয়　ⓖ সত্যবাদী

১০. বীপ্সামূলক বিশেষণ কোনটি?
ⓚ আচ্ছা মানুষ　ⓚ হাসিহাসি মুখ
ⓖ কবেকার কথা　ⓖ লাখেরাজ সম্পত্তি

১১. শিক্ষক ছাত্রটিকে বেতাচ্ছেন। বাক্যটিতে রয়েছে—
ⓚ নামধাতুর ক্রিয়া
ⓚ প্রযোজক ক্রিয়া
ⓖ যৌগিক ক্রিয়া
ⓖ মিশ্র ক্রিয়া

১২. আমরা তাজমহল দর্শন করলাম। বাক্যটিতে রয়েছে—
ⓚ মিশ্র ক্রিয়া
ⓚ যৌগিক ক্রিয়া
ⓖ নামধাতুর ক্রিয়া
ⓖ দ্বিকর্মক ক্রিয়া

১৩. সূর্য অস্তমিত হলে যাত্রীদল পথচলা শুরু করল— বাক্যটিতে রয়েছে—
ⓚ এক কর্তা　ⓚ শর্তাধীন কর্তা
ⓖ নিরপেক্ষতা　ⓖ ব্যতিহার কর্তা

১৪. গণেশ উল্টানো-বাগধারাটির অর্থ হলো—
ⓚ ব্যবসা তুলে দেওয়া
ⓚ হঠাৎ ধনী হওয়া
ⓖ কপটচারিতা করা
ⓖ সাহসী কিছু করা

১৫. কোনটির লিঙ্গান্তর হয় না?
ⓚ বেয়াই　ⓚ সাহেব
ⓖ সজ্ঞী　ⓖ কৃতদার

১৬. কোনটি বৃহদার্থে স্ত্রীবাচক শব্দ?
ⓚ অরণ্যানী　ⓚ মাতুলানী
ⓖ ভিখারিনী　ⓖ কাঙালিনী

১৭. জিহ্বামূলীয় বর্ণ কোনটি?
ⓚ ছ　ⓚ ত
ⓖ প　ⓖ ঙ

১৮. রাজপুত কোন প্রকার শব্দ?
ⓚ যৌগিক　ⓚ মৌলিক
ⓖ রূঢ়ি　ⓖ যোগরূঢ়

১৯. "সীমার মাঝে অসীম তুমি।" বাক্যে অনুসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ⓚ ব্যাপ্তি　ⓚ ঐকদেশিক
ⓖ মধ্য　ⓖ নিকট

২০. 'খিলিপান দিয়ে ঔষধ খাবে' বাক্যটি কোন কারকের উদাহরণ?
ⓚ করণ কারক　ⓚ কর্মকারক
ⓖ সম্প্রদান কারক　ⓖ অধিকরণ

teachingbd.com

http://teachingbd.com

২১. অনুজ্ঞা কোন কালে ব্যবহৃত হয়?
ⓚ বর্তমান ⓚ বর্তমান ও ভবিষ্যৎ
ⓖ ভবিষ্যৎ ⓖ অতীত ও ভবিষ্যৎ

২২. 'তামাতদর বিষ' বাগধারাটি কোন অর্থ প্রকাশ করে?
ⓚ স্বর্গ ⓚ অর্থের কুপ্রভাব
ⓖ অপমান ⓖ বিষাক্ত

২৩. আত্মবাচক সর্বনাম কোনটি?
ⓚ আমি, আমরা, তুমি ⓚ এ, এই, এরা
ⓖ সে, তারা, তিনি ⓖ স্বয়ং, খোদ, নিজ

২৪. অনুসর্গ অব্যয় কী নামে পরিচিত?
ⓚ পদান্বয়ী অব্যয় ⓚ অনুকার অব্যয়
ⓖ অনন্বয়ী অব্যয় ⓖ নিত্য সম্বন্ধী অব্যয়

২৫. কিসের ভেদে ক্রিয়ার রূপের পার্থক্য দেখা যায়?
ⓚ প্রয়োগ ভেদে ⓚ পুরুষ ভেদে
ⓖ বচন ভেদে ⓖ অর্থ ভেদে

২৬. ভাবাধিকরণে সবসময় কোন বিভক্তি যুক্ত হয়?
ⓚ ৪র্থী ⓚ ৫মী
ⓖ ৬ষ্ঠী ⓖ ৭মী

২৭. কৃৎ প্রত্যয়ের প্রকৃতিকে কী বলে?
ⓚ ধাতু ⓚ ক্রিয়া প্রকৃতি
ⓖ নাম প্রকৃতি ⓖ প্রাতিপদিক

২৮. কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে?
ⓚ সেমিকোলন ⓚ কোলন
ⓖ ড্যাস ⓖ হাইফেন

২৯. 'নরাধম' এর ব্যাসবাক্য কী?
ⓚ নর ও অধম ⓚ নর যে অধম
ⓖ অধম যে নর ⓖ নর কিন্তু অধম

৩০. 'সবিতা' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓚ মার্তণ্ড ⓚ বিধু
ⓖ অর্ণব ⓖ চন্দ্র

৩১. কৃতঘ্ন-এর বিপরীত শব্দ কোনটি?
ⓚ অকৃতজ্ঞ ⓚ কৃতজ্ঞ
ⓖ উপকারী ⓖ অপকারী

৩২. অনুজ্ঞায় কে প্রায়ই উহ্য থাকে?
ⓚ কর্ম ⓚ ক্রিয়া
ⓖ কর্তা ⓖ বিশেষণ

৩৩. বাক্যে সম্বন্ধ পদ কোথায় বসে?
ⓚ বিশেষ্যের পূর্বে ⓚ ক্রিয়ার পূর্বে
ⓖ বিশেষ্যের পরে ⓖ ক্রিয়ার পরে

৩৪. ইঁদুর কপালে' এর বিপরীত বাগধারা কোনটি
ⓚ অদৃষ্টের পরিহাস
ⓚ একাদশে বৃহস্পতি
ⓖ অন্ধকার দেখা
ⓖ কেউ-কেটা

৩৫. ব্যাখ্যামূলক অর্থে সাহিত্যে ব্যবহৃত হয় থাকে?
ⓚ () ⓚ ।
ⓖ - ⓖ [ ]

৩৬. কোন বাক্যেটির ক্রিয়া সকর্মক?
ⓚ সন্ধ্যা হল
ⓚ আকাশে চাঁদ দেখা যায়
ⓖ আকাশে চাঁদ যেন মাটিতে নেমেছে
ⓖ শিশুটি কাঁদে

৩৭. কোনটি ঐতিহাসিক বর্তমান কালের কালের উদাহরণ?
ⓚ সন্ধ্যার সূর্য অস্ত যায়
ⓚ আমি রোজ সকালে বেড়াতে যাই।
ⓖ বাবরের মৃত্যুর পর হুমায়ুন সিংহাসনে বসেন।
ⓖ চার আর তিনে সাত হয়।

৩৮. তিনি কোন পুরুষের কোন রূপ?
ⓚ মধ্যম পুরুষের সাধারণ রূপ
ⓚ মধ্যম পুরুষের সম্ভ্রমাত্মক রূপ
ⓖ নাম পুরুষের সাধারণ রূপ
ⓖ নাম পুরুষের সম্ভ্রামাত্মক রূপ

৩৯. অনুরোধ অর্থে অনুজ্ঞার উদাহরণ কোনটি?
ⓚ কাল একবার এস।
ⓚ কাজটি করে ফেল।
ⓖ আল্লাহ তোমার মঙ্গল করুন।
ⓖ সত্য কথা বলবে।

৪০. ব্যক্তি অর্থে সম্বন্ধ পদ কোনটি?
ⓚ রাজার জন্য
ⓚ শরতের আকাশ
ⓖ দেশের লোক
ⓖ বাটির দুধ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ঘ |

http://teachingbd.com